



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/আপিল- ৪৫৩/১৩

তারিখ: ১৩.১০.২০১৯খ্রি.

বিষয়: বি-বাড়ীয়া জেলার কসবা উপজেলাধীন শ্রীপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব মোঃ আব্দুছ ছালাম এর চাকরীতে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র: ২৭/১২/২০১৭ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বি-বাড়ীয়া জেলার কসবা উপজেলাধীন শ্রীপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব মোঃ আব্দুছ ছালাম এর চাকরি থেকে অপসারণ অনুমোদনের বিষয়টি গত ০৫/০৮/২০১৯খ্রি. তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর সভাকক্ষে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়।

মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র মাদ্রাসার সভাপতি, সুপার এবং বরখাস্তকৃত সহ-সুপারের উপস্থিতিতে বিস্তারিত আলোচনা এবং পর্যালোচনা করা হয়। আলোচনান্তে দেখা যায়, সহ-সুপার জনাব মোঃ আব্দুছ ছালামের দীর্ঘদিন মাদ্রাসায় অনুপস্থিত থাকা ব্যতিরেকে তার বিরুদ্ধে উত্থাপিত কোন গুরুতর অভিযোগ প্রমাণিত হয় নাই। তাছাড়া উভয় পক্ষের মধ্যে সমঝোতা হওয়ায় মানবিক কারণে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সহ-সুপার জনাব মোঃ আব্দুছ ছালামকে চাকরীতে পুনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়।


“জনাব মোঃ আব্দুছ ছালামকে ভবিষ্যতে প্রতিষ্ঠানের স্বার্থবিরোধী কোন কাজ না করা এবং সঠিকভাবে দায়িত্ব পালন করার শর্ত উল্লেখ করে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে অঙ্গীকারনামা দাখিল করে চাকরীতে যোগদান করতে হবে এবং তিনি বকেয়া বেতন ভাতা দাবি করতে পারবে না”

বর্ণিত অবস্থায়, আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক:

- ১) সভাপতি, গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি, শ্রীপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: মইনপুর, উপজেলা: কসবা, জেলা: বি-বাড়ীয়া।
- ২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, শ্রীপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: মইনপুর, উপজেলা: কসবা, জেলা: বি-বাড়ীয়া।
- ৩) জনাব মোঃ আব্দুছ ছালাম, সহ-সুপার (সাময়িক বরখাস্তকৃত), শ্রীপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: মইনপুর, উপজেলা: কসবা, জেলা: বি-বাড়ীয়া।

স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/আপিল-

তারিখ: ১০.১০.২০১৯খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
৩. জেলা শিক্ষা অফিসার, বি-বাড়ীয়া;
৪. উপজেলা নির্বাহী অফিসার, কসবা, বি-বাড়ীয়া;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কসবা, বি-বাড়ীয়া;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪